



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
টরন্টো, কানাডা



শোক বার্তা

বীর মুক্তিযোদ্ধা জনাব তুতিউর রহমান করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে গতকাল ৫ এপ্রিল (রবিবার) ২০২০ স্থানীয় সময় রাত ১০:০০ ঘটিকায় টরন্টোর একটি হাসপাতালে মৃত্যুবরণ করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই কন্যা ও এক পুত্রসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

স্বাধীনতা যুদ্ধে জনাব তুতিউর রহমানের অবদান জাতি চিরদিন কৃতজ্ঞতা ও শ্রদ্ধাভরে স্মরণ করবে। তাঁর মৃত্যুতে বাংলাদেশ একজন প্রকৃত দেশপ্রেমিক হারালো। তাঁর অকাল মৃত্যুতে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, টরন্টো গভীর শোক প্রকাশ করছে। এই অকাল প্রয়াণে তাঁর পরিবারে যে শূন্যতা সৃষ্টি হয়েছে তার প্রতি সহমর্মিতা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ মনোয়ার মোকাররম
কনসাল ও দূতালয় প্রধান
৬ এপ্রিল ২০২০

‘মুজিববর্ষের কূটনীতি :: প্রগতি ও সম্প্রীতি’